

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭২২

২১/ খাদ্যদ্রব্য (১৯৮১ । ১৯৮১)

পরিচ্ছেদঃ ৪৬৬. একত্রিত হয়ে খানা খাওয়া।

باب فِي الإِجْتِمَاعِ عَلَى الطَّعَامِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى الرَّازِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، قَالَ حَدَّثَنِي وَحْشِيُّ بْنُ حَرْبٍ، عَنْ جَدِّهِ، أَنَّ أَصْحَابَ النَّبِيّ، صلى الله عليه وسلم قَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنَّا عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ أَصْحَابَ النَّبِيّ، صلى الله عليه وسلم قَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَأْكُلُ وَلاَ نَشْبَعُ . قَالَ " فَاجْتَمِعُوا عَلَى طَعَامِكُمْ وَانْكُلُ وَلاَ نَشْبَعُ . قَالَ " فَاجْتَمِعُوا عَلَى طَعَامِكُمْ وَاذْكُرُوا اسْمَ اللَّهِ عَلَيْهِ يُبَارَكُ لَكُمْ فِيهِ " . قَالَ أَبُو دَاوُدَ إِذَا كُنْتَ فِي وَلِيمَةٍ فَوْضِعَ الْعَشَاءُ فَلاَ تَأْكُلْ حَتَّى يَأْذَنَ لَكَ صَاحِبُ الدَّارِ .

বাংলা

৩৭২২. ইব্রাহীম ইবন মূসা (রহঃ) ওয়াহশী ইবন হারব (রহঃ) তাঁর পিতা হতে এবং তিনি তাঁর দাদা হতে বর্ণনা করেছেন। একদা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! আমরা খানা খাই, কিন্তু পরিতৃপ্ত হই না। তিনি বলেনঃ হয়তো তোমরা আলাদা আলাদা ভাবে খানা খাও। তাঁরা বলেনঃ হয়াঁ। তিনি বলেনঃ তোমরা একত্রিত হয়ে খানা খাবে এবং বিস্মিল্লাহ বলবে, এতে তোমাদের খাবারে বরকত হবে। ইমাম আবু দাউদ (রহঃ) বলেনঃ কোন দাওয়াতে তোমাদের সামনে যখন খানা রাখা হবে, তখন মেজবানের অনুমতি ব্যতীত তা খাবে না।

English

Narrated Wahshi ibn Harb:

The Companions of the Prophet (**) said: Messenger of Allah (**) we eat but we are not satisfied. He said: Perhaps you eat separately. They replied: Yes. He said: If you gather together at your food and mention Allah's name, you will be blessed in it.

Abu Dawud said: If you are invited to a wedding feast before you, do not



take it until the owner of the house (i.e. the host) allows you (to eat).

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ওয়াহশী ইবনু হারব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন